

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০৫১.১৮.৪১৭

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৮

০৩ আগস্ট ২০২১

বিষয়: ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসায় জাল-জালিয়াতির মাধ্যমে ডি.জি মহোদয়ের প্রতিনিধি মনোনয়নপূর্বক চতুর্থ শ্রেণির কর্মচারী পদে অবৈধভাবে নিয়োগ এবং বেআইনিভাবে এমপিওভুক্তির আবেদনের কারণে মাদ্রাসার এমপিও স্বগিতসহ মাদ্রাসার গভর্নিং বডির সভাপতি ও অধ্যক্ষের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না -মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসায় কথিত মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নপত্রের মাধ্যমে চতুর্থ শ্রেণির কর্মচারী পদে নিয়োগ এবং নিয়োগোত্তর জুলাই/২০২১ মাসে অনলাইনে এমপিওভুক্তির আবেদন অধ্যক্ষ, লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসা কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলায় প্রেরণ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা কর্তৃক উক্ত অনলাইন এমপিও আবেদন জুলাই/২০২১ মাসে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

২। অনলাইন এমপিও জুলাই/২০২১ এর যাচাই-বাছাই কমিটি কর্তৃক উক্ত আবেদন যাচাই করা হয়। অনলাইনে দাখিলকৃত অধ্যক্ষের আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্রাদি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত মাদ্রাসার চতুর্থ শ্রেণির কর্মচারী পদে নিয়োগের নিমিত্ত ১৫.১২.২০২০ খ্রি: তারিখের ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৫৪.১৮.৬৮৬ সংখ্যক স্মারকে ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে জনাব মো: শহীদ লতীফ পরিদর্শক, বরিশাল বিভাগ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে মনোনয়ন দেয়া হয় এবং ২৫/১২/২০২০ খ্রি: তারিখে নিয়োগ নির্বাচনী বোর্ড অনুষ্ঠিত হয়। ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট উক্ত নিয়োগ বোর্ডে জনাব মোঃ শহীদ লতীফ, পরিদর্শক, বরিশাল বিভাগ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা ডিজি মহোদয়ের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন মর্মে নিয়োগ পরীক্ষার ফলাফল বিবরণী ও নিয়োগ সুপারিশ রেজুলেশনে পরিদৃষ্ট হয় (সংযুক্ত)।

৩। প্রকৃতপক্ষে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসায় চতুর্থ শ্রেণির কর্মচারী পদে জনাব মো: শহীদ লতীফ পরিদর্শক, বরিশাল বিভাগ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে বিগত ১৫/১২/২০২০ তারিখের ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৫৪.১৮.৬৮৬ সংখ্যক স্মারকে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেয়া হয়নি মর্মে সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর ই-নথিতে সংরক্ষিত রেকর্ড যাচাইয়ে পরিদৃষ্ট হয় (ডেস্ক অফিসারের প্রত্যয়নসহ সংযুক্ত)।

৪। তাছাড়া জনাব মোঃ শহীদ লতীফ, পরিদর্শক, বরিশাল বিভাগ লিখিতভাবে জানান যে, “ ডিজির প্রতিনিধির পত্রটি জাল। লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসার চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগে আমি যাই নাই (সংযুক্ত)।”

৫। কিন্তু অধ্যক্ষ, জনাব মুহাম্মদ মোশাররফ হোসেন (ইনডেক্স নং-370286)- লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসা, লালমোহন, ভোলা কর্তৃক কথিত মনোনয়নপত্র তৈরিপূর্বক অবৈধ নিয়োগের মাধ্যমে চতুর্থ শ্রেণির কর্মচারী পদে এমপিওভুক্তির আবেদন করা হয়; যা সুস্পষ্ট জালিয়াতি মর্মে প্রতীয়মান হয়।

০৬। উক্তরূপ জাল-জালিয়াতি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৭.৩ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী একটি শাস্তিযোগ্য অপরাধ।

০৭। এমতাবস্থায়, বর্ণিত অপরাধ তথা জালিয়াতির মাধ্যমে ডি.জি মহোদয়ের প্রতিনিধি মনোনয়নপূর্বক চতুর্থ শ্রেণির কর্মচারী পদে অবৈধ নিয়োগ এবং বেআইনিভাবে এমপিওভুক্তির আবেদনের কারণে কেন মাদ্রাসার ০১) এমপিও স্থায়ীভাবে বন্ধ, ০২) গভর্নিং বডি বাতিল করার জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডে সুপারিশ প্রেরণ এবং ০৩) গভর্নিং বডির সভাপতি ও অধ্যক্ষের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হবে নাসে মর্মে আগামী ০৮/০৮/২০২১ খ্রি. তারিখের মধ্যে এ অধিদপ্তরে সন্তোষজনক ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে- ০৩ ফর্দ।



৩-৮-২০২১

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) ১) আলহাজ মো: দিদারুল ইসলাম,
- ২) জনাব মুহাম্মদ মোশাররফ হোসেন (ইনডেক্স নং- 370286), অধ্যক্ষ, লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসা, লালমোহন, ভোলা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০৫১.১৮.৪১৭/১(৬)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৮
০৩ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
- ২) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমোহন, ভোলা
- ৪) জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, , লালমোহন, ভোলা (সভাপতি ও অধ্যক্ষকে নোটিশ জারীপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার অনুরোধ করা হলো।)।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



৩-৮-২০২১

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক